


# শুক্র-শনিবার আমরা অসুস্থ হই না, প্ল্যাকার্ড হাতে জাবিপ্রবি শিক্ষার্থীর প্রতিবাদ

কাজী মো. ইসমাইল হোসেন, কন্ট্রিবিউটিং  
রিপোর্টার, জাবিপ্রবি

প্রকাশিত: ২০:৩০, ৫ জুলাই ২০২৫; আপডেট: ২০:৩১, ৫  
জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

×

একটি প্ল্যাকার্ড। একটি বাক্য। আর তা যেন জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীর স্বাস্থ্য-অধিকারবঞ্চনার দীর্ঘ আক্ষেপ, ‘শুক্র-শনিবার আমরা অসুস্থ হই না’।

শুক্রবার (৫ জুলাই) ব্যাঙ্গাত্মক অথচ হৃদয়স্পর্শী বার্তাটি নিয়ে জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা ২য় বর্ষের শিক্ষার্থী সারোয়ার হাসান সজীব ক্যাম্পাসের মেডিকেল সেন্টারের সামনে দাঁড়িয়ে নীরব প্রতিবাদ জানান।

একটি প্ল্যাকার্ড, একটি বাস্তবতা, প্রতিদিনের ব্যস্ততম ক্যাম্পাস জীবনে হঠাৎ অসুস্থতা খুবই সাধারণ ঘটনা। কিন্তু বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারটি শুক্র, শনিবার ও সরকারি ছুটির দিনে সম্পূর্ণরূপে বন্ধ থাকার ফলে শিক্ষার্থীরা পড়ে চরম ভোগান্তিতে।

প্রতিবাদকারী শিক্ষার্থী সারোয়ার হাসান সজীব বলেন, ‘আমরা মানুষ, অসুস্থতা তো সময় দেখে আসে না। কিন্তু ছুটির দিনে আমরা যেন মানুষ নই, প্রশাসনের দৃষ্টিতে হয়তো আমরা তখন অসুস্থ হই না! হটাৎ কেউ অসুস্থ হলে তাৎক্ষণিক চিকিৎসার জন্য পড়তে হয় ভোগান্তিতে।’

×

ব্যবস্থাপনা বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র যীনাৎ মিয়া আজিজুল বলেন, ‘আজ আমাদের ব্যবস্থাপনা বিভাগের হামজা ভাই গুরুতর অসুস্থ অবস্থায় ওয়াশরুমে পড়ে থাকেন। পরবর্তীতে উনাকে প্রাথমিক চিকিৎসা দেওয়ার জন্য তাৎক্ষণিক বিশ্ববিদ্যালয় থেকে কোনো ব্যবস্থা ছিলো না। সদর হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য গাড়ির ড্রাইভার থেকে দায়িত্বরত শিক্ষকদের ফোন দিয়ে আধা ঘণ্টা সময় ক্ষেপণ হয়। পরবর্তীতে বাইকে করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।’

‘বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য নিজস্ব অ্যাম্বুলেন্স নেই। শিক্ষকদের গাড়ি দিয়ে অ্যাম্বুলেন্স বিকল্প সার্ভিস দেওয়া হলেও, গাড়ি নিতে গেলেও দীর্ঘ প্রোসিডিউর মানতে হয়। আমরা কি বিয়ে বাড়ি যাওয়ার জন্য গাড়ি চাই? একজন মানুষের জীবন নিয়ে কেন এতো জটিলতা?’